



রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়, আরপিজিসিএল ভবন

পট-২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

গ্যাস আইন মেনে চলুন, অবৈধ
গ্যাস ব্যবহার থেকে বিরত থাকুন

জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

“বাংলাদেশ গ্যাস আইন ২০১০” সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

সিএনজি ফিলিং স্টেশনের মালিক তথা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক ২০১০ সনের ৪০নং আইন হিসেবে “বাংলাদেশ গ্যাস আইন ২০১০” অনুমোদনের পর ১৯ জুলাই ২০১০ তারিখে গেজেট প্রকাশের মাধ্যমে আইনটি কার্যকর হয়েছে। উক্ত আইনে গ্যাস সংক্রান্ত বিভিন্ন বিধান উল্লেখসহ নিম্নবর্ণিত কার্যকলাপের জন্য সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর কারাদণ্ড, অর্থদণ্ড অথবা উভয়দণ্ডে দণ্ডিত হওয়ার বিধান রয়েছে :

- মিটার বাই-পাস করে গ্যাস ব্যবহার;
- মিটারে অবৈধ হস্তক্ষেপের মাধ্যমে গ্যাস ব্যবহার;
- সরবরাহ লাইন হতে অবৈধ সংযোগ স্থাপন করে গ্যাস ব্যবহার;
- গ্যাস লাইন বিচ্ছিন্ন করণের পর অননুমোদিত বা অবৈধভাবে গ্যাস ব্যবহার;
- স্থাপিত রেগুলেটর অননুমোদিত বা অবৈধভাবে পুনঃস্থাপন (re-set) করে নির্ধারিত চাপের অধিক চাপে গ্যাস ব্যবহার;
- অননুমোদিত সংখ্যার অতিরিক্ত বা অতিরিক্ত ক্ষমতাসম্পন্ন, গ্যাস সরঞ্জাম স্থাপনপূর্বক গ্যাস ব্যবহার;
- পরিত্যক্ত রাইজার হতে অননুমোদিত বা অবৈধভাবে গ্যাস সংযোগ স্থাপনের মাধ্যমে গ্যাস ব্যবহার;
- কোন গ্যাস বিতরণ নেটওয়ার্ক হতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সম্মতি ব্যতিরেকে গ্যাস লাইন স্থাপন বা গ্যাস সংযোগ গ্রহণ;
- লাইসেন্স ব্যতিরেকে সিএনজি রিফুয়েলিং স্টেশন বা যানবাহন সিএনজিতে রূপান্তর কারখানা স্থাপন;
- সিএনজি রিফুয়েলিং স্টেশন কর্তৃক নির্ধারিত চাপের অধিক চাপে সিএনজি বিক্রয়;
- নাশকতামূলক কার্য;
- গ্যাস সংক্রান্ত সরকারি কার্যক্রমে প্রতিবন্ধকতা সৃষ্টি;
- পাইপলাইন, মিটার, রেগুলেটর ইত্যাদি চুরি;
- চুরিকৃত সামগ্রী ক্রয়-বিক্রয় ও দখলে রাখা; এবং
- অপরাধ সংঘটনে সহায়তা ও প্ররোচনা ইত্যাদি।

উল্লিখিত কার্যকলাপ হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

-কর্তৃপক্ষ